UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date:*** **২৮ নভেম্বর ২০১২**

প্রেস বিজ্ঞপ্তি

সুবলঙে নিরীহ গ্রামবাসীকে অপহরণের নিন্দা

আজ বুধবার ২৮ নভেম্বর দুপুর বারটার দিকে রাঙামাটি জেলার বরকল উপজেলাধীন সুবলঙ ইউনিয়নের পানছড়ি মোন-অ আদাম থেকে কলিন্দু চাকমা (৩৮) নামে এক নিরীহ গ্রামবাসী সন্তু গ্রুপের সশস্ত্র সদস্য কর্তৃক অপহৃত হয়েছেন। জনসংহতি সমিতির সন্তু লারমা গ্রুপের কমান্ডার জঙ্গীর নেতৃত্বে একদল সন্ত্রাসী তাকে নিজ বাড়ি থেকে অপহরণ করে। এ সময় তিনি দুপুরের খাবার খাচ্ছিলেন। তার পিতার নাম হরিকমল চাকমা।

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা এক বিবৃতিতে উক্ত নিরীহ গ্রামবাসীকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে তার মুক্তি দাবি করেছেন।

সন্তু লারমাকে সরকারের দালাল আখ্যায়িত করে ইউপিডিএফ নেতা বলেন, সন্তু গ্রুপ চুক্তি বাস্তবায়নের জন্য আন্দোলন না করে ভ্রাতৃঘাতি সংঘাত জিইয়ে রেখেছে ও ইউপিডিএফ-এর কর্মী, সমর্থক ও এমনকি নিরীহ মানুষকে খুন, জখম ও অপহরণ করছে।

তিনি জাতীয় অস্তিত্ব রক্ষার জন্য সন্তু গ্রুপের গণবিরোধী কার্যক্রম প্রতিহত করার জন্য পার্বত্য জনগণের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট